

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৯৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ নাপাক ব্যক্তি গোসলের সময় যে তিন অঞ্জলি পানি মাথায় দেয় তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ الْغَرَفَاتِ الثَّلَاثِ الَّتِي وَصنَفْنَاهُ لِلْمُغْتَسِل من جنابته

আরবী

1194 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُكْرَمِ الْبَزَّارُ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِي قَالَ: حَدَّثَنَا أَبُو عَاصِمٍ قَالَ: حَدَّثَنَا حَنْظَلَةُ بْنُ أَبِي سُفْيَانَ قَالَ: سَمِعْتُ الْقَاسِمَ بْنَ مُحَمَّدٍ قَالَ: سَمِعْتُ الْقَاسِمَ بْنَ مُحَمَّدٍ قَالَ: سَمِعْتُ عَائِشَةَ تَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْتَسِلُ فِي مُحَمَّدٍ قَالَ: سَمِعْتُ عَائِشَةَ تَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْتَسِلُ فِي حَلَابٍ مِثْلَ هَذِهِ _ وَأَشَارَ أَبُو عَاصِمٍ بِكَفَيْهِ _ يَصنُبُّ على شق الأيمن ثم يأخذ بكفيه فيصب على سائر جسده.

الراوي: الْقَاسِم بْن مُحَمَّدٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1194 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৯৪. কাসিম বিন মুহাম্মাদ রহিমাহুল্লাহ বলেন, "আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরকম দুধ দোহন পাত্রে –আবূ আসিম এই বলে দুই হাতের তালু দিয়ে ইশারা করেন- গোসল করতেন। তিনি ডান পার্শ্বে পানি ঢালেন তারপর দুই হাতের তালু দিয়ে পানি নেন অতঃপর সমস্ত শরীরে পানি ঢালেন।"[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী: ২৫৮; সহীহ মুসলিম: ৩১৮; আবূ দাউদ: ২৪০; নাসাঈ: ১/২০৬; সুনান বাইহাকী: ১/১৮৪; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৪৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ কাসিম বিন মুহাম্মাদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন